

পাবনা বিশ্ববিদ্যালয়  
অবরুদ্ধ শিক্ষক  
কর্মকর্তারা

পাবনা প্রতিনিধি ▶

স্বনির্মিত প্রশাসনিক ভবনের উদ্বোধনী অনুষ্ঠানে মাওয়াত না দেওয়ায় সোমবার সকালে পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (পাবিপ্রবি) শিক্ষক-কর্মকর্তাদের দুই ঘণ্টা আটকে রাখে বিশ্ববিদ্যালয়ের ছাত্রসংগ্রহীদের একাংশ। এ সময় পাবিপ্রবির অস্থায়ী-কার্যালয়ের জানাপার কাচ ভাঙচুর করা হয়।

জানা যায়, পাবনার রাজাপুরে বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসের স্বনির্মিত প্রশাসনিক ভবন সোমবার সকালে উদ্বোধন করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-কর্মকর্তাদের উপস্থিত থাকার জন্য নোটিশ দেওয়া হলেও সাধারণ শিক্ষার্থীদের অধিহিত করা হয়নি। উদ্বোধন শেষে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আল মকিব জৌফুরী ঘটনাস্থল ভ্রাম্য করার পর বিক্ষুব্ধ শিক্ষার্থীরা প্রশাসনিক ভবন ভাঙা লাগিয়ে দেয়। এ সময় সেখানে থাকা বিশ্ববিদ্যালয়ের প্রক্টর, ছাত্র উপদেষ্টা, শিক্ষক কর্মকর্তারা প্রায় দুই ঘণ্টা অবরুদ্ধ থাকেন। এ ছাড়া তৃক শিক্ষার্থীরা পাবিপ্রবির রাজাপুরের (টিটিসি) অস্থায়ী ক্যাম্পাসে গিয়ে মরজা-জানাপার কাচ ভাঙচুর করে। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি আয়ত্বে আনে। এ ব্যাপারে পাবিপ্রবির প্রক্টর মোহাম্মদ কামরুজ্জামান বলেন, ভুল বোঝাবুড়ির কারণে এমনটি হয়েছে।